

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৬. কুরআন হিফয করার পর তা ভুলে যাওয়ার পরিণাম সম্পর্কে

باب التَّشْديد فِيمَنْ حَفِظَ الْقُرْآنَ ثُمَّ نَسِيَهُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، أَخْبَرَنَا ابْنُ إِدْرِيسَ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ، عَنْ عِيسَى بْنِ فَائِدٍ، عَنْ عِيسَى بْنِ فَائِدٍ، عَنْ سَعْدِ بْنِ عُبَادَةَ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " مَا مِنِ امْرِئٍ يَقْرَأُ الْقُرْآنَ يَنْسَاهُ إِلَا لَقِيَ اللهَ عَزَّ وَجَلَّ يَوْمَ الْقِيَامَةِ أَجْذَمَ "

_ ضعیف

বাংলা

১৪৭৪। সা'দ ইবনু 'উবাদাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কুরআন পাঠ (মুখস্ত) করার পর তা ভুলে যায়, সে কিয়ামতের দিন আল্লাহর সাথে পঙ্গু অবস্থায় (বা খালি হাতে) সাক্ষাৎ করবে।[1]

দুৰ্বল।

English

Narrated Sa'd ibn Ubadah:

The Prophet (ﷺ) said: No man recites the Qur'an, then forgets it, but will meet Allah on the Day of Judgment in a maimed condition (or empty-handed, or with no excuse).

ফুটনোট

[1] আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন। এটি মুন্যিরি 'আত-তারগীব' গ্রন্থে এবং তাবরীযী 'মিশকাত'



গ্রন্থে উল্লেখ করেছেন। এর সানাদ দুর্বল। সনদের ইয়াযীদ ইবনু আবৃ যিয়াদ হাশিমী সম্পর্কে হাফিয 'আততাকরীব' গ্রন্থে বলেন : দুর্বল, বৃদ্ধ বয়সে স্মৃতিশক্তি বিকৃত হয়ে যাওয়ায় তালকীন করতে শুরু করেন। এবং
সনদে তার শায়খ ঈসা ইবনু ফায়িদ : অজ্ঞাত। যেমন হাফিয 'আত-তাকরীব' গ্রন্থে বলেছেন। তাতে এও রয়েছে :
সাহাবী সূত্রে তার বর্ণনা মুরসাল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সা'দ ইবন উবাদা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন